

COVID-19 থেকে নিজেকে ও অন্যদেরকে সুৰক্ষিত রাখতে যত্ন নিন।

বিনামূল্যে, প্রাইভেট হোটেল রুমে নিরাপদে আলাদা থাকুন।

আপনি যদি COVID-19 রোগে আক্রান্ত হয়ে থাকেন অথবা পরীক্ষায় পজিটিভ আসা কারো সংস্পর্শে এসে থাকেন, তাহলে আপনি 10 দিন পর্যন্ত একটি হোটেল রুমে থাকার যোগ্য হতে পারেন যাতে আপনি নিরাপদে আলাদা থাকতে পারেন এবং অন্যদেরকে সুৰক্ষিত রাখতে পারেন।

পরিচর্যা হোটেলগুলি নিরাপদ, আরামদায়ক এবং সুবিধাজনক। সকল পরিষেবা বিনামূল্যে প্রদান করা হয়। শিশুরা স্বাগতম।

যদি আপনি পরিচর্যা হোটেলে আলাদা থাকতে চান তাহলে তা আপনার পাওয়া অন্য কোনো সুবিধার উপর কোনো প্রভাব ফেলবে না। পরিচর্যা হোটেল গ্রিন কার্ডের জন্য আবেদনের ক্ষেত্রে আপনার সক্ষমতাকে প্রভাবিত করবে না। সেইসাথে, COVID-19 সংক্রান্ত চিকিৎসা বা প্রতিরোধমূলক স্বাস্থ্যসেবা পরিষেবাগুলি পাবলিক চার্জ নিয়মের অধীনে বিবেচনা করা হবে না।

পরিচর্যা হোটেলে নিম্নলিখিত পরিষেবাগুলি বিনামূল্যে প্রদান করা হয়:

- হোটেলে আসা-যাওয়ার জন্য রাউন্ড-ট্রিপ পরিবহন এবং যেকোনো প্রয়োজনীয় মেডিকেল অ্যাপয়েন্টমেন্ট
- ব্যক্তিগত রুম ও বাথরুম
- অনসাইট COVID-19 পরীক্ষা
- বিনামূল্যে ওয়াই-ফাই এবং কেবল টিভি
- সংযুক্ত থাকতে আনলিমিটেড লোকাল ফোন কল
- প্রতিদিন সকালের নাস্তা, লাঞ্চ, ও ডিনার*
- দোভাষী পরিষেবা
- ওষুধ ডেলিভারি
- দক্ষ ডাক্তার ও নার্স দ্বারা প্রদত্ত অনসাইট স্বাস্থ্যসেবা পরিষেবা
- বিশেষজ্ঞ মানসিক স্বাস্থ্যসেবা প্রদানকারীদের অ্যাক্সেস করতে টেলিসাইকিয়াট্রি



আজই আপনার রুম বুক করুন।

212-COVID-19 (212-268-4319)

নম্বরে কল করুন অথবা

[testandtrace.nyc](https://testandtrace.nyc.gov) ওয়েবসাইট দেখুন

NYC
HEALTH+
HOSPITALS

Community
Care

Test & Trace
Corps

*ডায়েটের চাহিদা অনুসারে খাবারসমূহ তৈরি করা হবে

Bengali | October 2020